



বিষয়টি জরুরী ও গুরুত্বপূর্ণ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প
মাহবুব প্লাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।



স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.সু.আ.নি.প্র/ম-০২/২০২২/৪৫০

তারিখঃ ১৪/০২/২০২৩ খ্রি:

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'বীর নিবাস প্রকল্প' এর শুভ উদ্বোধনের পর নির্মিত বীর নিবাসগুলি হস্তান্তর সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৫/০২/২০২৩ তারিখ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় 'অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ' শীর্ষক প্রকল্প (বীর নিবাস প্রকল্প) এর উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ৩০ হাজার বীর নিবাসের মধ্যে প্রাথমিকভাবে নির্মিত ৫ হাজারটি বীর নিবাস বীর মুক্তিযোদ্ধা অথবা তাঁদের উত্তরাধিকারীদের মাঝে হস্তান্তর করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানটি কেন্দ্রীয়ভাবে ওসমানী স্মৃতি মিলনায়তন, ঢাকায় আয়োজন করা হয়েছে। কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, গাজীপুর, মাদারীপুর ও নড়াইল জেলার সাথে মাননীয় প্রধানমন্ত্রী গণভবন প্রান্ত থেকে ভার্চুয়ালি যুক্ত হবেন মর্মে আশা করা যাচ্ছে। অনুষ্ঠানটি বিটিভি সরাসরি সম্প্রচার করার কথা। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতীকী চাবি হস্তান্তরের মাধ্যমে 'বীর নিবাস প্রকল্প' এর শুভ উদ্বোধনের পর উপজেলা নির্বাহী অফিসারগণের করণীয় সম্পর্কে নির্দেশনাঃ

- ১। স্থানীয় জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা কমান্ডার, বীর নিবাস বরাদ্দপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা অথবা তাঁদের উত্তরাধিকারী, অন্যান্য বীর মুক্তিযোদ্ধাগণ, কর্মকর্তাগণ ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে উপজেলা মিলনায়তনে বিটিভি'র অনুষ্ঠানটি (সম্ভব হলে বড় পর্দায়) একত্রে দেখার ব্যবস্থা গ্রহণ করতে পারেন।
- ২। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতীকী চাবি হস্তান্তরের মাধ্যমে 'বীর নিবাস প্রকল্প' এর শুভ উদ্বোধনের পর সুবিধাজনক যে কোন সময় উৎসবমূখর পরিবেশে উপজেলা নির্বাহী অফিসারগণ বীর নিবাস হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে পারেন।
- ৩। সম্ভব হলে উক্ত অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য অথবা জেলা প্রশাসককে উপস্থিত রাখার চেষ্টা করা যেতে পারে।
- ৪। স্থানীয় সকল ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় সাংবাদিকদের উপস্থিত রাখা যেতে পারে।
- ৫। পরবর্তীতে সম্পূর্ণ নির্মিত বীর নিবাসগুলি গুচ্ছাকারে পর্যায়ক্রমে অনুষ্ঠানের মাধ্যমে উৎসবমূখর পরিবেশে সকল শ্রেণি পেশার মানুষের উপস্থিতিতে হস্তান্তর করা যেতে পারে।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.সু.আ.নি.প্র/ম-০২/২০২২/৪৫০

তারিখঃ ১৪/০২/২০২৩ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১) বিভাগীয় কমিশনার (সকল)।
- ২) জেলা প্রশাসক (সকল)।
- ৩) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪) সচিবের একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
- ৬) সহকারী প্রকৌশলী (সকল), অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প।
- ৭) বিভাগীয় উপ-সহকারী প্রকৌশলী (সকল), অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প।
- ৮) জনাব.....
- ৯) অফিস কপি।

এম ইদ্রিস সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)